

## 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৭০৪

দোয়া-দুরুদ

পরিচ্ছেদঃ ২৯১- মহানবী (সাঃ)-এর দোয়াসমূহ।

## আরবী

حَدَّثَنَا عَلِيٌّ ، قَالَ : حَدَّثَنَا مَرْوَانُ بُنُ مُعَاوِيَةَ ، قَالَ : حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ أَيْمِنَ ، قَالَ : حَدَّثَنَا عُبِيْدُ بْنُ رِفَاعَةَ الزُّرَقِيُّ ، عَنْ أَبِيهِ ، قَالَ : " لَمَّا كَانَ يَوْمُ أُحُدِ وَانْكَفَأَ الْمُشْرِكُونَ ، قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " اسْتَوُوا حَتَّى أُثْنِيَ عَلَى رَبِّي عَزَّ وَجَلَّ ، قَالَ رَسُولُ اللَّهِ صَلُّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " اسْتَوُوا حَتَّى أُثْنِيَ عَلَى رَبِّي عَزَّ وَجَلَّ ، فَصَارُوا خَلْفَهُ صَفُوفًا ، فَقَالَ : اللَّهُمَّ لَكَ الْحَمْدُ كُلُّهُ ، اللَّهُمَّ لا قَابِصَ لِمَا بَسَطْتَ ، وَلا مُنْعَلِي لَمَا بَاعَدْتَ ، وَلا مُبْاعِدَ لِمَا قَرْبُتَ ، وَلا مُعْطِي لِمَا مَنَعْتَ ، وَلا مَانِعَ لِمَا أَعْطَيْتَ مَمُّ السَّهُمُّ إِنِي أَسْأَلُكَ النَّعِيمَ مَقَرِّبَ لِمَا بَعَيْلَةِ ، وَالأَمْنَ يَوْمَ الْعَيْلَةِ ، وَالأَمْنَ يَوْمَ الْعَيْلَةِ ، وَالأَمْنَ يَوْمَ الْمُقِيمَ الَّذِي لا يَحُولُ وَلا يَزُولُ ، اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ النَّعِيمَ يَوْمَ الْعَيْلَةِ ، وَالأَمْنَ يَوْمَ الْعَيْلَةِ ، وَالأَمْنَ يَوْمَ الْعَيْلَةِ ، وَالأَمْنَ يَوْمَ الْعَيْلَةِ ، وَالأَمْنَ يَوْمَ الْعَيْلَةِ مَ اللَّهُمَّ عَلَيْنَا الْكُفُر وَالْفُسُوقَ وَالْعِصْيَانَ ، وَاجْعَلْنَا مِنَ اللَّهُمَّ تَوَفَّنَا مُسْلِمِينَ ، وَلَكُورُهُ إِلَيْنَا الْكُفُر وَالْفُسُوقَ وَالْعِصْيَانَ ، وَاجْعَلْنَا مِنَ اللَّهُمَّ تَوَفَّنَا مُسْلِمِينَ ، وَلَّهُ وَي قُلُوبِنَا ، وَكَرِّهُ إِلَيْنَا الْكُفُرَةَ الَّذِينَ يَصُدُّونَ عَنْ سَبِيلِكَ ، وَيُكَذَبُونَ رُسَلَكَ ، وَاجْعَلْ عَنْ مَرْبَكَ وَعَذَابَكَ ، اللَّهُمَّ قَاتِلِ الْكَفَرَةَ الَّذِينَ يَصُدُّونَ عَنْ سَبِيلِكَ ، وَيُكَذَبُونَ رُسَلَكَ ، وَاجْعَلْ عَنْ مَوْرَاكَ وَعَذَابَكَ ، اللَّهُمَّ قَاتِلِ الْكَفَرَةَ الَّذِينَ أَوْلُوا الْكِتَابَ ، إلِلَهُ الْحَقِّ عَمْ الْمَعْنَا مَن رُسَلَكَ ، وَالْمُعْرَفِقُ وَعَذَابَكَ ، وَعَذَابَكَ ، اللَّهُمُ قَاتِلِ الْكَفَرَةَ الَّذِينَ أُولُونَ وَالْفَوْلَ الْكَتَابُ مَنْ رَالْمَالَ الْكُولُ وَ الْمُولُولُ الْلَهُمُ وَعَذَابَكَ ، اللَّهُمُ قَاتِل الْكَفَرَةَ الْذِينَ أَوْلُولُ وَالْمُ الْمَقْرَقُ الْمُعْرَفِقُ الْمُعْرَا الْمُعْرَا الْمُعْ

## বাংলা

৭০৪। উবাইদ ইবনে রিফাআ আয-যুরাকী (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, উহুদ যুদ্ধের দিন যখন মুশরিকরা ইতস্তত বিক্ষিপ্ত হয়ে চলে গেলো তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা সারিবদ্ধভাবে সোজা হয়ে দাঁড়াও, যাতে আমি আমার মহামহিমান্বিত প্রতিপালকের প্রশংসা করতে পারি। অতএব সাহাবীগণ তাঁর পিছনে সারিবদ্ধভাবে দাড়িয়ে থাকলেন। তিনি বলেনঃ "হে আল্লাহ! তোমার জন্য সকল প্রশংসা। হে আল্লাহ! তুমি যা সম্প্রসারিত করো তা কেউ সংকুচিত করতে পারে না, তুমি যাকে দূরে ঠেলে দাও তাকে কেউ কাছে আনতে পারে না, তুমি যাকে কাছে টেনে নাও তাকে কেউ দূরে ঠেলে দিতে পারে না, তুমি যাকে না দাও তাকে কেউ দিতে পারে না এবং তুমি যাকে দান করো তাকে কেউ আটকে রাখতে পারে না। হে আল্লাহ! তুমি



আমাদের উপর তোমার বরকত, তোমার রহমত, তোমার অনুগ্রহ এবং তোমার দেয়া রিযিক প্রসারিত করো। হে আল্লাহ! আমি তোমার নিকট স্থায়ী নিয়ামত প্রার্থনা করি যা পরিবর্তন বা বিলীন হয় না।

হে আল্লাহ! আমি তোমার নিকট দুঃখের দিনে তোমার নিয়ামত ও যুদ্ধের দিনে তোমার নিরাপত্তা প্রার্থনা করি। হে আল্লাহ! তুমি আমাকে যা দান করেছে তার অনিষ্ট থেকে আমাকে রক্ষা করো। তুমি যা আমাকে দান করোনি তার অনিষ্ট থেকে আমাকে রক্ষা করো। হে আল্লাহ! তুমি আমাদের নিকট ঈমানকে প্রিয় বানাও, আমাদের অন্তরকে সৌন্দর্যময় করো এবং কুফর, পাপাচার ও বিদ্রোহকে আমাদের নিকট ঘৃণিত বানাও। তুমি আমাদেরকে হেদায়াতপ্রাপ্তদের অন্তর্ভুক্ত করো। হে আল্লাহ! আমাদেরকে মুসলিমরূপে মৃত্যু দান করো, মুসলিমরূপে জীবিত রাখো এবং সৎকর্মশীল লোকদের সাথে মিলিত করো, অপমানিত ও বিপর্যন্তরূপে নয়। হে আল্লাহ! তুমি কাফেরদের ধ্বংস করো, যারা তোমার পথে বাধা সৃষ্টি করে। তোমার ক্রোধ ও আযাব তাদের উপর অবতীর্ণ করো। হে আল্লাহ! কিতাবপ্রাপ্ত কাফেরদের ধ্বংস করো। হে সত্য ইলাহ"। (নাসাঈ, হাকিম, ইবনে হিব্বান)

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন